

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১০, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২২ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/০৭ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২১.২২৬— গত ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে আর্থ ইনস্টিটিউট, কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়, গ্লোবাল মাস্টার্স অফ ডেভেলপমেন্ট প্র্যাকটিস এবং ইউএন সাসটেইনেবল ডেভেলপমেন্ট সল্যুশনস নেটওয়ার্ক-এর আয়োজনে এসডিজি'র নবম আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে ২০৩০ সালের মধ্যে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে ২০১৫ হতে ২০২০ সাল পর্যন্ত বিভিন্ন সূচকে অনন্য অগ্রগতির স্বীকৃতিস্বরূপ বাংলাদেশকে 'এসডিজি প্রোগ্রেস অ্যাওয়ার্ড'-এর জন্য মনোনীত করা হয়। সাসটেইনেবল ডেভেলপমেন্ট সল্যুশন নেটওয়ার্কের প্রেসিডেন্ট বিশিষ্ট অর্থনীতিবিদ ও উন্নয়ন কৌশলবিদ অধ্যাপক জেফরি ডেভিড স্যাকস মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারুয়ালি এ অ্যাওয়ার্ড প্রদান করেন। অনুষ্ঠানের সঞ্চালক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'জুয়েল ইন দ্য ক্রাউন অব দ্য ডে' হিসাবে অভিহিত করেন।

০২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের 'এসডিজি প্রোগ্রেস অ্যাওয়ার্ড' প্রাপ্তি আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করেছে। এই ঐতিহাসিক অর্জনের রূপকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৯ আশ্বিন ১৪২৮/০৪ অক্টোবর ২০২১ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(১৪৮৭৭)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

১৯ আশ্বিন ১৪২৮

ঢাকা: -----

০৪ অক্টোবর ২০২১

গত ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে আর্থ ইনস্টিটিউট, কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়, গ্লোবাল মাস্টার্স অফ ডেভেলপমেন্ট প্র্যাকটিস এবং ইউএন সাসটেইনেবল ডেভেলপমেন্ট সল্যুশনস নেটওয়ার্ক-এর আয়োজনে এসডিজি'র নবম আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে ২০৩০ সালের মধ্যে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে ২০১৫ হতে ২০২০ সাল পর্যন্ত বিভিন্ন সূচকে অনন্য অগ্রগতির স্বীকৃতিস্বরূপ বাংলাদেশকে 'এসডিজি প্রোগ্রেস অ্যাওয়ার্ড'-এর জন্য মনোনীত করা হয়। সাসটেইনেবল ডেভেলপমেন্ট সল্যুশনস নেটওয়ার্কের প্রেসিডেন্ট বিশিষ্ট অর্থনীতিবিদ ও উন্নয়ন কৌশলবিদ অধ্যাপক জেফরি ডেভিড স্যাকস মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারুয়ালি এ অ্যাওয়ার্ড প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাজ্ঞ ও দূরদর্শী নেতৃত্বের প্রশংসা করে জেফরি ডেভিড স্যাকস বলেন, 'আমরা খুবই আনন্দিত এবং সম্মানিত অনুভব করছি, বাংলাদেশের জনগণের জন্য এ পুরস্কার আপনার হাতে তুলে দিতে পেরেছি। এসডিজি অর্জনে আপনার বলিষ্ঠ নেতৃত্বের জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।' অনুষ্ঠানের সঞ্চালক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'জুয়েল ইন দ্য ক্রাউন অব দ্য ডে' হিসাবে অভিহিত করেন।

এসডিজি ২০৩০ উন্নয়ন কর্মসূচি প্রস্তুত করার বৈশ্বিক উদ্যোগে বাংলাদেশ সক্রিয় ভূমিকা পালন করে। এ ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার বাংলাদেশের জাতীয় উন্নয়ন পরিকল্পনায় এসডিজিকে সম্পৃক্ত করে। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিভিন্ন অগ্রাধিকার নির্ধারণে এসডিজিকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে পরিকল্পনাসমূহের লক্ষ্য-উদ্দেশ্য কার্যকরভাবে নির্ধারণ করা হয়। এর ফলে উক্ত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের সঙ্গে সঙ্গে এসডিজি'র লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। সরকারের এ সকল সময়োপযোগী ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন পরিকল্পনার কারণেই ২০১৫ হতে ২০২০ সাল পর্যন্ত এসডিজি'র বিভিন্ন সূচকে বাংলাদেশের এগিয়ে থাকার সক্ষমতা বিশ্ববাসীর দৃষ্টি আকর্ষণ করে। এরই স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ অর্জন করে 'এসডিজি প্রোগ্রেস অ্যাওয়ার্ড'। মন্ত্রিসভা বিশ্বাস করে সকলের সমন্বিত প্রয়াসে উন্নয়নের এই ধারাবাহিকতা অব্যাহত থাকলে কাঙ্ক্ষিত সময়ের পূর্বেই বাংলাদেশ এসডিজি অর্জনে সক্ষম হবে।

'এসডিজি প্রোগ্রেস অ্যাওয়ার্ড' প্রাপ্তি আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশের এক বিশাল অর্জন। এ সম্মান বাংলাদেশের, এ সম্মান সমগ্র বাঙালি জাতির। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বের ফসল এ স্বীকৃতি যা আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করেছে একইসাথে দেশের অবস্থানকে করেছে অধিক সুসংহত। এই ঐতিহাসিক অর্জনের রূপকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-কে মন্ত্রিসভা আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd